54

দৈনিক বাংলা

তারিখ 25 MAY 1994
পৃষ্ঠা ৫ কলাম ৩

# এসএসসি ঃ বিজ্ঞান প্রশ্নপত্রে ভুল

গত ১২–৫–৯৪ ইং তারিখে অনুষ্ঠিত ঢাকা বোর্ডের এসএসসি পরীক্ষার বিজ্ঞান ১ম পত্রের প্রশ্নে কিছু ভুলের কারণে পরীক্ষার্থীরা চরম মানসিক অশান্তিতে ভুগছে। প্রশ্নপত্রে ৪ নং প্রশ্নের (খ)তে রয়েছে, "অক্সিজেন ও সোডিয়াম–এর পারমাণবিক সংখ্যা যথাক্রমে ৮ ও ১৭"। প্রকৃতপক্ষে, সোডিয়াম–এর পারমাণবিক সংখ্যা ১৭–এর পরিবর্তে ১১ হবে। আবার একই প্রশ্নের "(ঘ)"তে প্রশ্ন করা হয়েছে" সমুদ্রের পানিতে শতকরা কত ভাগ সোডিয়াম ক্লোরাইড থাকে?" এই প্রশ্নের উত্তরে বোর্ড কর্তৃক (১৯৮৮ থেকে ১৯৯৪ সাল পর্যন্ত) নির্ধারিত এবং প্রকাশিত প্রতিটি পা[illegible]
পত্র" অংশে লিখিত আছে, "সমুদ্রের পানিতে ২৫% সোডিয়াম ক্লোরাইড অর্থাৎ সাধারণ লবণ দ্রবীভূত অবস্থায় থাকে।" অথচ উচ্চমাধ্যমিক রসায়ন (নূরুল হক মহিরুদ্দীন প্রণীত) বই এ লেখা আছে, সমুদ্রের পানিতে ২.৬% সোডিয়াম ক্লোরাইড দ্রবীভূত থাকে যা ২.৫% এর কাছাকাছি। অধিকাংশ পরীক্ষার্থী উত্তরে তাদের পাঠ্যপুস্তকের তথ্যানুযায়ী ২৫% লিখেছে। আবার কেউ কেউ ২.৫% লিখেছে। যদি বোর্ড কর্তৃক নির্ধারিত এবং প্রকাশিত পাঠ্যপুস্তকে লেখা প্রশ্নটির উত্তর ২৫% ভুল হয়ে থাকে, তাহলে পরবর্তী সময়ে এ বই ৬ বার পুনর্মুদ্রিত হওয়া সত্ত্বেও এই ভুল কেন সংশোধন করা হলো না? শুধু কি তাই?

এমনকি কোন স্কুলকর্তৃপক্ষ এবং এ বিষয়ের সাথে সংশ্লিষ্ট শ্রদ্ধেয় শিক্ষক
জন বোধ করেননি। তাই যারা পাঠ্যপুস্তক অনুযায়ী ২৫% লিখেছে তাদের পূর্ণ নম্বর পাওয়া উচিত বলে মনে করি। এ বিষয়ে বোর্ড কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করছি এবং উল্লিখিত ভুলের জন্য পরীক্ষার্থী ছাত্র/ছাত্রীরা দায়ী নয় বিধায় উভয় প্রশ্নের ক্ষেত্রে তাদের পূর্ণ নম্বর প্রদানের জন্য

## জনমত

অনুরোধ জানাচ্ছি।

শরফুদ্দীন আহমেদ
সিনিয়র প্রিন্সিপাল অফিসার
পূবালী ব্যাংক লিমিটেড
মতিঝিল শাখা, ঢাকা।